

কৃষি বিভাগ পশ্চিমবঙ্গ সরকার



২০২৩-২৪ বর্ষে ২য় দফায় সরকারী ভর্তুকিতে কৃষি যন্ত্রপাতি ক্রয়ের সুবর্ণ সুযোগ

স্মারক সংখ্যাঃ 340-20/HQ

তারিখঃ 27.12.2023

#কৃষকবন্ধু (নতুন) প্রকল্পে নিবন্ধীকৃত যে কোনো কৃষক, সরকারী যে কোন দপ্তর দ্বারা স্বীকৃত কৃষকগোষ্ঠী, কৃষক উৎপাদক সংস্থা, কৃষি সমবায় বা সংস্থা মাটির কথা ওয়েবসাইটের (www.matirkatha.net) মাধ্যমে আগামী ০৫.০১.২০২৪ (সকাল ১১ টা) থেকে ২১.০১.২০২৪ পর্যন্ত কেবলমাত্র FSSM ও OTA-SFI প্রকল্পে সরকারী ভর্তুকিতে কৃষি যন্ত্রপাতি ক্রয়ের জন্য ২০২৩-২৪ বর্ষে ২য় দফায় আবেদন করতে পারবেন।

#অনলাইনে পূরণ করা আবেদনপত্রের ছাপানো প্রতিলিপি, সমস্ত প্রাসঙ্গিক নথি সহ নিজস্ব ব্লক কৃষিকরণে(ADAঅফিসে) ২২.০১.২০২৪ (বিকাল ৫ টা) এর মধ্যে জমা দিতে হবে।

FSSM প্রকল্পে পাওয়ার টিলার ও সোলার পাম্প নিতে আগ্রহী কৃষকের কমপক্ষে ১.০ একর জমির মালিকানা থাকতে হবে।

পাওয়ার টিলার, সোলার পাম্পসেট, কৃষি ড্রোন প্রভৃতি শক্তিশালিত যন্ত্রের জন্য FSSM প্রকল্পে ভর্তুকি- যন্ত্রভেদে ৫০-৬০% বা সর্বোচ্চ ৩ লক্ষ টাকা।

#স্প্রেয়ার, থ্রেশার প্রভৃতি ছোটযন্ত্রের জন্য OTA-SFI প্রকল্পে ভর্তুকি - মোট দামের ৫০% বা সর্বোচ্চ ১০,০০০ টাকা।

FSSM & OTA-SFI প্রকল্পে আবেদনপত্র মঞ্জুর হওয়ার সর্বাধিক ১৫ দিনের মধ্যে (সোলারপাম্পসেটের ক্ষেত্রে সর্বাধিক ৪৫ দিন) নির্ধারিত কৃষিযন্ত্র সরকারী তালিকাভুক্ত ডিলারের কাছ থেকে কিনে সংশ্লিষ্ট নথি সহ নিজস্ব ব্লক কৃষি করণে জমা করতে হবে।

কৃষিযন্ত্র ক্রয়ের যাচাই করার পর নির্ধারিত ভর্তুকির টাকা উপভোক্তার ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি প্রদান করা হবে।

#এই প্রকল্পে কৃষক সরাসরি নিজের বা অন্যের কম্পিউটার বা বাংলা সহায়তা কেন্দ্রের মাধ্যমে বা নিকটস্থ সহ কৃষি অধিকর্তার করণে সহায়তায় অনলাইনে আবেদন করতে পারেন।

২০২৩-২৪ সালে কৃষি বিভাগ,পশ্চিম বঙ্গ সরকার দ্বারা প্রকাশিত এই সংক্রান্ত গাইডলাইন অনুসারে প্রকল্পগুলি রূপায়িত হবে। উল্লেখ্য,এবছর FMS প্রকল্পে যাঁরা আবেদন করেও সুবিধা পান নি বা নিতে পারেন নি, তাঁরাও ২য় দফায় আবার আবেদন করতে পারবেন।

বিশদে জানতে নিকটবর্তী কৃষি অফিসে যোগাযোগ করুন বা www.matirkatha.net ওয়েবসাইট (কৃষি যান্ত্রিকীকরণ অংশ) পরিদর্শন করুন।

পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিভাগ দ্বারা জনস্বার্থে প্রচারিত।


Director of Agriculture
West Bengal